

প্রেস বিজ্ঞপ্তি

নিজেরা নিজেদের পরিবর্তন না করলে

ভেজাল প্রতিরোধ করা যাবে না

কৃষিমন্ত্রী

ঢাকা, ২৮ কার্তিক, ১৪২১ বঃ ; ১২ নভেম্বর ২০১৪ খ্রিঃ

মাননীয় কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বলেছেন নিজেরাই নিজেদের পরিবর্তন না করতে পারলে দেশ ও সমাজ থেকে কোন ভাবেই ভেজাল প্রতিরোধ করা যাবে না ।

তিনি বলেন আমরা নানা আন্দোলনের মাধ্যমে খাদ্যে ভেজাল প্রতিরোধ করতে ব্যস্ত হয়ে পড়েছি, কিন্তু আমাদের জীবনটা ভেজালে ভড়া আর মন কলুষিত, এদিকে কারো চোখ নাই ।

বুধবার দুপুরে রাজধানীর জাতীয় জাদুঘরে সুফিয়া কামাল মিলনায়তনে ভেজাল বিরোধী আন্দোলন আয়োজিত ভেজাল প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টিতে কারণীয় শীর্ষক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন ।

মতিয়া চৌধুরী বলেন, শুধু খাদ্যেই ভেজাল নয়, দেশের প্রায় সব সেক্টরেই ভেজালের দুটি কারণ লক্ষ্য করা গেছে । এর কিছুটা শিক্ষার অভাবে এবং কিছুটা অনৈতিকতায় । আমাদের জীবন-যাত্রার পদে পদেও রয়েছে ভেজাল । নিজেদের মনের ভেজাল দূর না করতে পারলে ভেজাল থেকেই যাবে ।

খাদ্যে ভেজাল প্রসঙ্গে তিনি বলেন, অনেকেই অধিক পরিমাণে মুনাফা লাভের আশায় খাদ্যে ভেজাল দিচ্ছে । যারা মুনাফা ভোগের আশায় ভেজাল দেয় তারা সমাজের অসৎ শ্রেণির লোক । এদের বিরুদ্ধে আইনগতভাবে কঠোর ব্যবস্থা নেওয়া হবে ।


প্রিজারভেটিভ ব্যবহার প্রসঙ্গে তিনি বলেন, খাদ্যদ্রব্য সংরক্ষণ করার জন্য প্রিজারভেটিভ ব্যবহার করা হয় । তবে এ সম্পর্কে জ্ঞান থাকা প্রয়োজন যে, কোন খাদ্যে কতটুকু প্রিজারভেটিভ ব্যবহার করা যাবে ।

তিনি বলেন, বর্তমান সময়ে সবার ফাঁকি দেওয়ার প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে । এই ফাঁকি দেওয়াটাই বড় ক্ষতি, এটা দূর করতে হবে । না হলে সমাজ সুন্দর হবে না, ভেজালও কমবে না ।

অনুষ্ঠানে মূল প্রবন্ধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আ ব ম ফারুক বলেন- ওষুধ উৎপাদনে আজকের সাফল্যের পিছনে বঙ্গবন্ধুর অবদান সবচাইতে বেশী। কারণ স্বাধীনতার পর তিনিই প্রথম পেটেন্ট মুক্তভাবে ওষুধ উৎপাদনের অনুমতি দেন। এতে আজও বাংলাদেশের মানুষ কম মূল্যে ওষুধ ক্রয় করতে পারছে।

এদিন চিত্রঙ্কন প্রতিযোগিতা, সম্মাননা প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।

আয়োজক সংগঠনের সভাপতি মুহাম্মদ আতাউল্লা খানের সভাপতিত্বে আলোচনা সভায় আরো বক্তব্য রাখেন এশিয়ান টেলিভিশনের চেয়ারম্যান আলহাজ্ব মোঃ হারুন উর রশিদ, রাজউক'র নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ রোকন উদ দৌলা, আইসিডিএফ'র এর প্রতিষ্ঠাতা মেজর ডা. শেখ হাবিবুর রহমান প্রমুখ।



বিবেকানন্দ রায়

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

মোবাঃ ০১৭১১-৮১৫৮৮১

ফোনঃ ৯৫১৪৭৭৬

E-mail-vivekroy07@yahoo.com